# 2016

## M. A.

## 4th Semester Examination

## BENGALI

### PAPER—BNG-403

*Full Marks* : 40

*Time* : 2 Hours

*The figures in the right-hand margin indicate full marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিশেষ পত্র—১

### (*ভাষাবিজ্ঞান ও ভাষাসমীক্ষা*)

১। শৈলী বিজ্ঞানে 'নির্বাচন' (Arrangement) কী? নির্বাচনের প্রক্রিয়া সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

শৈলী বিশ্লেষণে রূপগত প্রসঙ্গ উদাহরণসহ আলোচনা করো। ১০

২। প্রথম ভাষার্জনের (First Language Acquisition)- স্তরগুলি আলোচনা করো ১০

*অথবা*

(Turn Over)

টীকা লেখো (যে কোনো *চারটি*) ঃ $৪ \times ২\frac{১}{২}$

Deixis, কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র, ভার্নিক অ্যাফোজিয়া, Inference, মনোভাষা-বিজ্ঞানের আলোচনা-ক্ষেত্র, দ্বিতীয় ভাষা শিক্ষার প্রতিবন্ধকতা।

৩। বাংলা লিপির উদ্ভব ও ক্রমবিকাশের ধারা সম্পর্কে আলোচনা করো। ১০

*অথবা*

টীকা লেখো (যে কোন *চারটি*) ঃ $৪ \times ২\frac{১}{২}$

মিশরীয় চিত্র প্রতীক লিপি, ভাবলিপি, ব্রাহ্মীলিপি, চিনীয় লিপি।

৪। তুলনামূলক ঐতিহাসিক পদ্ধতিতে ভাষাচর্চার ধারায় অগাস্ট শ্লেসার-এর বিশেষত্ব সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

টীকা লেখো ঃ (*দুটি*) ২×৫

স্বনিম নির্ধারণে প্রতিবেশগত বৈপরীত্য পদ্ধতির গুরুত্ব, সংবর্তনী-সঞ্জননী তত্ত্ব, আর. কে. রাস্ক, লিওনার্ড ব্লুমফিল্ড, চিহ্ন-তত্ত্ব (Sign Theory)।

---

**বিশেষ পত্র—২**

**(*মধ্যযুগের সাহিত্য*)**

১। 'চৈতন্যভাগবত'-এ হরিদাস মাহাত্ম্য বর্ণনার গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

*অথবা*

'চৈতন্যভাগবত' অবলম্বনে চৈতন্যের বাল্য-কৈশোর লীলা বর্ণনা করে এর তাৎপর্য ব্যাখ্যা করো। ১০

২। আলাওলের 'পদ্মাবতী' কাব্যের ঐতিহাসিকতা বিচার করো। ১০

*অথবা*

'পদ্মাবতী' কাব্যে সংযোজিত গানগুলির পর্যালোচনা সূত্রে আলাওলের শিল্পী স্বভাবের পরিচয় দাও। ১০

৩। 'আন্ধল প্রেম পহিলে নাহি জানলো' — পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

*অথবা*

'যত নিবারিয়ে চাই নিবার না যায় রে' — পদটির মমার্থ ব্যাখ্যা করে এই পর্যায়ের পদে পদকর্তার শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। ১০

৪। 'অন্নদামঙ্গল' কাব্যে দেবী অন্নদা চরিত্র নির্মাণে আধুনিকতার সঞ্চারে কবির কৃতিত্ব ও শিল্পী-আত্মার পরিচয় দাও। ১০

*অথবা*

ভারতচন্দ্রের কাব্যের মূলরস শৃঙ্গার নয়, হাস্য — 'অন্নদামঙ্গল' কাব্য প্রসঙ্গে বিশিষ্ট সাহিত্যিক ও সাহিত্যসমালোচকের এহেন মন্তব্যের গ্রহণযোগ্যতা বিচার করো। ১০

———

## বিশেষ পত্র—৩

## (*লোকসংস্কৃতি ও লোকসাহিত্য*)

১। লোকক্রীড়া কাকে বলে? লোকক্রীড়ার শ্রেণীবিভাগ করো। শিশুদের লোকক্রীড়া সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ২+৪+৪

*অথবা*

সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোন *দুটি*) : ৫+৫

লোকশিল্প, লোকবিশ্বাস, টোটেম।

২। গীতিকার সংজ্ঞা দাও। গীতিকার বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত দিয়ে আলোচনা করো। ৩+৭

*অথবা*

সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোন *দুটি*) : ৫+৫

লোকভাষা, ছড়া, ধাঁধা।

৩। মার্ক্সীয় পদ্ধতির মূলনীতি কী? মার্ক্সীয় পদ্ধতির গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো। ৪+৬

*অথবা*

ঐতিহাসিক-ভৌগোলিক পদ্ধতির মূল প্রবক্তা কারা? দৃষ্টান্ত সহযোগে ঐতিহাসিক-ভৌগোলিক ও তুলনামূলক পদ্ধতির তুলনামূলক আলোচনা করো। ২+৮

৪। টাইপ কাকে বলে? টাইপ সৃষ্টির ইতিহাসটি সংক্ষেপে লেখো। ৩+৭

*অথবা*

টীকা লেখো (যে কোন *দুটি*) : ৫+৫

মোটিফ ইনডেক্স, স্টীথ টমসন, ক্রমপুঞ্জিত লোককথা।

---

**বিশেষ পত্র—৪**

**(*নাটক*)**

১। মোহিত চট্টোপাধ্যায়ের 'বাজপাখি' নাটকে মধ্যবিত্তের জীবন-সংকট কীভাবে রূপায়িত হয়েছে তা বিশ্লেষণ করে দেখাও। ১০

*অথবা*

দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'সীমান্তের ডাক' নাটকে স্বদেশপ্রেম ও স্বাজাত্যভিমানের যে পরিচয় আছে তা বিশ্লেষণ করো। ১০

২। ঐতিহাসিক নাটক রূপে 'সিরাজদ্দৌলা'র সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

'সিরাজদ্দৌলা' নাটকে আলেয়া চরিত্রটির ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো। ১০

৩। 'টিনের তলোয়ার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

'টিনের তলোয়ার' নাটক-নির্ভরে নাট্যকারের সংলাপ সৃষ্টির নৈপুণ্যের পরিচয় দাও। ১০

৪। অ্যাবসার্ড নাটকরূপে বাদল সরকারের 'এবং ইন্দ্রজিৎ' নাটকটির সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

'এবং ইন্দ্রজিৎ' নাটকে কবিতা ও গানগুলির ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনা করো।

---

## বিশেষ পত্র—৫

## (*রবীন্দ্র সাহিত্য*)

১। 'শেষ সপ্তক' কাব্যের কিছু কবিতায় প্রেমানুভবের নতুন এক স্মৃতিচারী ভাষ্য দেখা দিয়েছে' — মন্তব্যটি বুঝিয়ে দাও। ১০

*অথবা*

বাংলা গদ্য কবিতার বৈশিষ্ট্যের নিরিখে 'শেষ সপ্তকে'র কবিতার গদ্যশৈলীর পরিচয় দাও। ১০

২। 'শেষের কবিতা'র অমিত-র সঙ্গে রবীন্দ্র উপন্যাসের অন্য কোনো নায়কের মিল নেই।' — মন্তব্যটির সূত্রে অমিত রায় চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

*অথবা*

'শেষের কবিতা' উপন্যাসের গঠনশৈলীর পরিচয় দাও। ১০

৩। 'চিত্রাঙ্গদা'র কাহিনী-উপাদান মহাভারত থেকে গৃহীত হলেও মহাভারতের সঙ্গে এর পার্থক্য যথেষ্ট। — ব্যাখ্যা করো। ১০

*অথবা*

কাব্যনাটক হিসেবে চিত্রাঙ্গদার সাফল্য কতটা বুঝিয়ে দাও। ১০

৪। 'মানুষের ধর্ম'-এ বিধৃত 'সোহহং তত্ত্ব' ব্যাখ্যা করো। ১০

*অথবা*

'মানুষের ধর্ম' প্রবন্ধে ব্যক্ত রবীন্দ্রনাথের বিশ্ববোধের স্বরূপ বিশ্লেষণ করো। ১০

---

**বিশেষ পত্র—৬**

**(*তুলনামূলক প্রতিবেশী সাহিত্য*)**

১। প্রেমচন্দের 'গোদান' উপন্যাসে বিধৃত সমাজজীবনের পরিচয় দাও। ১০

*অথবা*

উপন্যাস হিসাবে 'গোদান' কতখানি সার্থক তা আলোচনা করো। ১০

২। 'রবীন্দ্রনাথ' অবলম্বনে জ্যোতিপ্রকাশ আগরওয়ালার কবি-নৈপুণ্য বিচার করো। ১০

*অথবা*

'শ্রীরাধা কাব্য'টির অভিনবত্ব বিচার করো। ১০

৩। মহিম বরার ‘মাছ ও মানুষ’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

*অথবা*

মহাদেবী ভর্মার ‘চিনে ফিরিওয়ালা’ ছোটগল্প হিসাবে কতখানি সার্থক বিচার করো। ১০

৪। ‘কারেঙ লিগিরী’ নাটকের সুন্দর চরিত্রটি নাট্যকারের কোন উদ্দেশ্য ব্যক্ত করেছে আলোচনা করো। ১০

*অথবা*

‘কারেঙ লিগিরী’ নাটকের দ্বন্দ্বের স্বরূপ বিচার করো। ১০

———